তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ... কলাম ...

আমাদের সময়

# দেশের উন্নয়নে শিক্ষার বিকল্প নেই : ড. মোশাররফ

দাউদকান্দি প্রতিনিধি ●
বিএনপির স্থায়ী কমিটির অন্যতম সদস্য ও সাবেক মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, দেশের উন্নয়নে শিক্ষার বিকল্প নেই। উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে দেশটি এগিয়ে নিতে হবে। সবকিছুর ঊর্ধ্বে শিক্ষার মানোন্নয়নে সবাইকে এগিয়ে আসতে হবে। গতকাল কুমিল্লার দাউদকান্দি উপজেলার ড. খন্দকার মোশররফ হোসেন কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় উপলক্ষে কলেজ মিলনায়তনে এক মিলাদ ও দোয়ার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কাজী মহিউদ্দিন আহম্মেদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা বিএনপি সভাপতি একেএম সামছুল হক প্রমুখ।